

আল-ইনশিরাহ | Ash-Sharh | الشَّرْح

আয়াতঃ ৯৪ : ৬

আরবি মূল আয়াত:

إِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا ﴿٦﴾

অনুবাদসমূহ:

নিশ্চয় কষ্টের সাথেই রয়েছে সুখ। — আল-বায়ান

নিঃসন্দেহে কষ্টের সাথেই স্বস্তি আছে। — তাইসিরুল

অবশ্যই কষ্টের সাথে স্বস্তি আছে। — মুজিবুর রহমান

Indeed, with hardship [will be] ease. — Sahih International

৬. নিশ্চয় কষ্টের সাথেই স্বস্তি আছে। (১)

(১) আরবী ভাষার একটি নীতি এই যে, আলিফ ও লামযুক্ত শব্দকে যদি পুনরায় আলিফ ও লাম সহকারে উল্লেখ করা হয়, তবে উভয় জায়গায় একই বস্তুসত্তা অর্থ হয়ে থাকে এবং আলিফ ও লাম ব্যতিরেকে পুনরায় উল্লেখ করা হলে উভয় জায়গায় পৃথক পৃথক বস্তুসত্তা বোঝানো হয়ে থাকে। আলোচ্য আয়াতে العُسْر শব্দটি যখন পুনরায় উল্লেখিত হয়েছে, তখন বোঝা গেল যে, উভয় জায়গায় একই عُسْر অর্থাৎ কষ্ট বোঝানো হয়েছে। পক্ষান্তরে يَسْر শব্দটি উভয় জায়গায় আলিফ ও লাম ব্যতিরেকে উল্লেখিত হয়েছে। এতে নিয়মানুযায়ী বোঝা যায় যে, দ্বিতীয় يَسْر তথা স্বস্তি প্রথম يَسْر তথা স্বস্তি থেকে ভিন্ন। অতএব আয়াতে (إِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا) এর পুনরাবলোকন থেকে জানা গেল যে, একই কষ্টের জন্যে দুটি স্বস্তির ওয়াদা করা হয়েছে। দু'এর উদ্দেশ্যও এখানে বিশেষ দু'এর সংখ্যা নয়; বরং উদ্দেশ্য অনেক। অতএব সারকথা এই যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর একটি কষ্টের সাথে তাকে অনেক স্বস্তি দান করা হবে। হাদীসে এসেছে, “নিশ্চয় বিপদের সাথে মুক্তি আছে, আর নিশ্চয় কষ্টের সাথে আছে স্বস্তি”। [মুসনাদ আহমাদ: ১/৩০৭] হাসান বসরী ও কাতাদাহ বলেন, ‘এক কষ্ট দুই স্বস্তির উপর প্রবল হতে পারে না’। [ফাতহুল কাদীর, তাবারী]

তাফসীরে জাকারিয়া

৬। নিশ্চয়ই কষ্টের সাথে রয়েছে স্বস্তি। [1]

[1] এ হল নবী (সাঃ) ও তাঁর সাহাবাগণের জন্যে শুভসংবাদ যে, তোমরা ইসলামের পথে যা কিছু দুঃখ-কষ্ট সহ্য করছ এ ব্যাপারে চিন্তিত হওয়ার কোন প্রয়োজন নেই; যেহেতু এর পরেই আল্লাহ তাআলা তোমাদের জন্যে অবসর ও স্বস্তি এনে দেবেন। সুতরাং এইরূপই হয়েছিল; যা সারা পৃথিবীর লোকেরা অবগত।

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=6096>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন